কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের স্মার্ট ফোনের আসক্তি থেকে দূরে রেখে বিজ্ঞান মনোস্ক হিসেবে গড়ে তুলতে কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা।

আজ বিকেলে বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা সমাপনি হয়।

মেলার সমাপনিতে সপ্তম শ্রেণীর ক শাখার সিমন্তী ইকবালের নেতৃত্বে সুপার সেভেন দল বিজ্ঞান মেলায় দ্বিতীয় স্থান অধিকার করে।

পরিবেশ সুরক্ষা পরিকল্পিত নগরায়ন ও চতুর্থ শিল্প বিপ্লব শীর্ষক বিজ্ঞান মেলায় তার দল উপস্থাপন করেছে পরিবেশ সুরক্ষায় নবায়নযোগ্য শক্তি নিয়ে।

সিমন্তী ইকবাল জানান, নবায়ন যোগ্য শক্তি ব্যবহারে পরিবেশের কোন ক্ষতি হয় না। আমাদের দেশের এমনকিছু পিছিয়ে পড়া এলাকা আছে সেখানে বিদ্যুৎ এখনো পৌঁছায়নি। যেখানে বিশুদ্ধ পানিরও ব্যাপক অভাব রয়েছে। সেই সব এলাকায় আমরা প্রাকৃতিক পরিবেশ নষ্ট না করে নবায়ন যোগ্য শক্তি উৎপাদন করে তাদেরকে সুন্দর সুস্থ্য একটা জীবন দিতে পারি। আমাদের প্রজেক্টের নবায়নযোগ্য শক্তির মধ্যে দেখানো হয়েছে সোলার পাওয়ার, উইন্ড মিল, পানি বিদ্যুৎ এবং ব্যায়োগ্যাস উৎপাদন দেখানো হয়েছে।

সিমন্তী ইকবালের নেতৃত্বে আরও শিক্ষার্থী ফাতেমা হাসান মুগ্ধ, মহিম ইসলাম তুষ্পা, আফিয়া মাইরা অন্তু, মিথিলা ফারজানা খুশবু, আয়েশা সিদ্দিকা, জান্নাতুল মাওয়া প্রমুখ।

পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ও সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম এর পরিচালনায় প্রধান অতিথির বক্তব্যে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আল মামুন তালুকদার বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ এবং ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে ভবিষ্যৎ প্রজন্মদের গড়ে তুলতে এই ধরণের বিজ্ঞান মেলা

সময়োযোগী এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর এই ধরণের উদ্যোগ ভবিষ্যতেও নেওয়ার আহবানও জানান তিনি।

সভাপতির বক্তব্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক বলেন, এসব উদ্ভাবনের সাথে পরিচিতি করা এবং এলাকার কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনোস্ক করার লক্ষেই এমন বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে।

মুজিবনগরে উপজেলা পর্যায়ে ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

“শব্দ শিখুন, ভাষা শিখুন “শব্দ ভান্ডারের দক্ষতা মানুষের যোগাযোগ এবং সামাজিক দক্ষতা উন্নত করে এই প্রতিপাদ্যে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, সোমবার সকালে উপজেলা পরিষদ অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতা।

এই প্রতিযোগিতায় উপজেলার ১৫ টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৪টি মাদ্রাসার ৯৫ জন শিক্ষার্থী অংশগ্রহন করে। বেলা ১১ টা থেকে ১২ টা পর্যন্ত ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতার পরিক্ষা অনুষ্ঠিত হয়। পরিক্ষা শেষে খাতা মুল্যায়ন করে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর এডমিন অফিসার অশোক মালাকার এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক প্রফেসর বাকের আলী।

ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতায় উপজেলার ১৫ টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৪টি মাদ্রাসার ৯৫ জন শিক্ষার্থীর মধ্য থেকে ৫ জন বিজয়ী হয়।

গুডনেইবারর্স আয়োজিত ইন্টারস্কুল ওয়ার্ডমাস্টার প্রতিযোগিতায় ৯৫ জন প্রতিযোগিতার মধ্যে প্রথম স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় ছাত্রী সাদিয়া আক্তার মাহি। দ্বিতীয় স্থান অধিকার করে জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় এর ছাত্রী সুমাইয়া, তৃতীয় স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মুশফিকুর, চতুর্থ ও পঞ্চম স্থান অধিকার করে আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর ছাত্রী মারিয়া আক্তার ও রিয়া খাতুন।

অতিথিবৃন্দ বিজয়ীদের মাঝে ক্রেস্ট, বই এবং সার্টিফিকেট উপহার হিসাবে তুলে দেন।

আলমডাঙ্গা আওয়ামীলীগের কর্মি সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামায়াতের নির্বাচন বানচালের অপচেষ্টা রুখে দিতে ও মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন মূলক কাজগুলো গণ মানুষের মাঝে তুল ধরতে আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগ, কৃষকলীগ ও সহযোগি সংগঠনের আয়োজনে আলমডাঙ্গায় কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার বেলা সাড়ে ১১ টায় আলমডাঙ্গা টকিজ সিনেমা হলে এ কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়।

কর্মি সমাবেশে প্রধান অতিথির হিসিবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ কমিটির সদস্য দিলীপ কুমার আগরওয়ালা।

প্রথান অতিথির বক্তব্যো দিলীপ কুমার আগরওয়ালা বলেন,আমরা জননেত্রী শেখ হাসিনার নৌকাকে আবারও বিজয়ী করতে কাজ করে যাচ্ছি।মাননীয় প্রধানমন্ত্রী দেশে যে উন্নয়ন করেছেন তা জনগণের মাঝে তুলে ধরতে আমরা মানুষের কাছে যাচ্ছি নৌকা যার আমরা সবাই

তার, শেখ হাসিনার সরকার বার বার দরকার। মাননীয় প্রধানমন্ত্রী দেশে যে উন্নয়ন করেছে,আমরা তা জনগণের মাঝে তুলে ধরতে মানুষের কাছে যাচ্ছি। যারা ভোট কেন্দ্রে যায় না,আগামী নির্বাচনে তাদের ভোট কেন্দ্রে যাবার জন্য উদ্বুদ্ধ করছি। ভোট আমাদের গণতান্ত্রিক অধিকার,সেজন্য ভোট দিতে যাবো। মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন জনগণ যদি আমাদের ভোট দেয় তাহলে আমরা ক্ষমতায় যাবো।

তিনি বলেন,আসন্ন নির্বাচন বানচাল করতে বিএনপি-জামায়াত ষড়যন্ত্র করছে। নির্বাচন বানচালের চক্রান্ত করবে,তাদের সেই চক্রান্ত আমাদের রুখ দাঁড়াতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর এই কথাগুলোই আমরা বলছি।
নৌকা মঞ্চের আহবায়ক জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষনা বিষয়ক সম্পাদক কাউসার আহমেদ বাবলুর সভাপতিত্বে এ সমাবেশে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক অগ্নিসেনা মঈনদ্দীন পারভেজ,পদ্মবিলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আবু তাহের বিশ্বাস, মোমিনপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান গোলাম ফারুক জোয়ার্দ্দার,কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শাখাওয়াত হোসেন টাইগার,খাদিমপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, গাংনি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রাকিবুল হাসান ।

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক চিৎলা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জিল্লুর রহমানের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি আবু তালেব,আওয়ামীলীগ নেতা দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহাবুবুর রহমান, জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, আলমডাঙ্গা উপজেলা যুবলীগেরর যুগ্ম আহবায়ক একেএম রাসেল পারভেজ রাজু, বেলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি রেজাউল হক, সাইদ মেম্বার প্রমুখ।

জীবননগরের উথলী বালিকা বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ এসডিজি মোতাবেক উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে দেশের অগ্রগতি, অর্জন, সাফল্য ও লক্ষ্য সমূহের সাথে জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং ডেঙ্গু প্রতিরোধ, মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ বিষয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার সময় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মুক্ত মঞ্চে ওই নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মো. হাফিজুর রহমান। এ সময় তিনি বলেন, নারীর ক্ষমতায়ন, নারীর অধিকার ও সামাজিক নিরাপত্তা প্রদানে আওয়ামী লীগ সরকার নিরলসভাবে কাজ করে আসছেন। নারী পাচার, ইভটিজিং ও বাল্যবিয়ে এখন অনেকটাই কমে এসেছে।সরকার নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে তাদের স্বাবলম্বী করে গড়ে তুলেছে। একটি অসাধু চক্র বিভিন্ন গুজব ও অপপ্রচার ছড়িয়ে দেশের সম্মান ক্ষুন্ন করার চেষ্টা করছে। আপনারা কেউ এই ধরনের গুজবে কান দিবেন না। নারীদের সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে বর্তমান সরকার নারীদের বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে আসছেন। আমাদের দেশে জনসংখ্যার অর্ধেক পুরুষ ও অর্ধেক নারী। সরকারের সকল উন্নয়ন কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ত আরও বাড়াতে হবে।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসার শিল্পী মন্ডল। তিনি তার বক্তব্যে বলেন, সারা বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। টেকসই উন্নয়নের অভীষ্ট লক্ষ্য অর্জন করে ২০৪১ সালে আমরা পৌঁছে যাবো উন্নত দেশের কাঙ্খিত গন্তব্যে। উন্নয়নের এই ধারায় নারীদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে হবে।মানবপাচার, মাদক, সন্ত্রাস, গুজব, অপপ্রচার, ইভটিজিং ও বাল্যবিয়ে প্রতিরোধ করে নারীদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল হান্নান, চুয়াডাঙ্গা খাদ্য নিয়ন্ত্রক সজিব পাল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, সাংবাদিক আকিমুল ইসলাম, বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সদস্য সেলিম হোসেন, মাহফুজুর রহমান, আলমগীর হোসেন, এনামুল হক, মুসলিমা খাতুন প্রমুখ। সমাবেশে দু’ শতাধিক নারী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে শিক্ষক কর্মচারীর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর বার্ষিক সাধারণ সভা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৩ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে প্রতিষ্ঠানটির ১২তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা শিক্ষক কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লিঃ এর চেয়ারম্যান আলমগীর হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ক্রেডিট ইউনিয়ন লিঃ কাল্ব এর কেন্দ্রীয় সেক্রেটারি আরিফ মিয়া।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাল্বের ট্রেজারার নরেশ চন্দ্র বিশ্বাস, গ অঞ্চলের ডিরেক্টর আরিফ হাসান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, কাল্বের জেলা ব্যবস্থাপক জাকির হোসেন, সদর উপজেলা ক্রেডিট ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি কৃপাসিন্ধু বিশ্বাস। হরিণাকুণ্ডু উপজেলা ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ। অনুষ্ঠান পরিচালনা করেন কাল্বের সদর উপজেলা শাখার ব্যবস্থাপক ফরহাদ হোসেন।

অনুষ্ঠানে বার্ষিক প্রতিবেদন পাঠ করেন ক্রেডিট ইউনিয়নের সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক কে এম সালেহ।
অনুষ্ঠান শেষে পুরষ্কার বিজয়ীদের মাঝে প্রধান অতিথি পুরস্কার

তুলে দেন। অনুষ্ঠানে সদর উপজেলার দুই শতাধিক শিক্ষক কর্মচারী অংশ গ্রহন করেন।

কুষ্টিয়ার আমলাতে ১৯৯৩ এসএসসি ব্যাচের মিলন মেলা অনুষ্ঠিত

শুক্রবার ২২ সেপ্টেম্বর কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমলাতে এসএসসি -১৯৯৩ ব্যাচের আয়োজনে অনুভূতির -৯৩ বন্ধু মিলন মেলা ২০২৩ নামে ব্যচটির ৩য় মিলন মেলা অনুষ্ঠিত হয়।

মিলন মেলা অনুষ্ঠানে সারাদেশ থেকে এসএসসি ১৯৯৩ ব্যাচের প্রায় এক হাজার বন্ধু উপস্থিত থেকে স্মৃতিচারণ, বনভোজন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহন করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে গান করেন ৯৩ এসএসসি ব্যাচের বন্ধু শাহিন,শুমিত,হাবিব সহ স্থানীয় শিল্পীরা। সবশেষে র্যাফেল ড্র এর মাধ্যমে দিনব্যাপী অনুষ্ঠিত মিলনমেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

মুজিবনগরে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবনগরে প্রতিযোগিতা ভিত্তিক শিক্ষার আলোকে গণিত মাস্টার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বৃহস্পতিবার বেলা ১২ টার সময় সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে উপজেলার ১০টি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর ১০০জন শিক্ষার্থী এই গণিত মাস্টার প্রতিযোগিতায়

অংশগ্রহণ করে।

দুই ঘন্টা ব্যাপী পরীক্ষা শেষে খাতা মূল্যায়ন শেষে দুপুর ৩ টার দিকে একশ জনের ভিতরে প্রথম পাঁচজনকে গণিত মাস্টার হিসাবে পুরস্কার প্রদান করা হয়।

গনিত মাস্টার হিসেবে প্রথম স্থান অধিকার করেছে বাগোয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র কাজী শাহজাদ বারি।

গনিত মাস্টার প্রতিযোগিতায় দশটি স্কুলের ১০ জন গণিত শিক্ষক উপস্থিত ছিলেন, প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন।

এছাড়াও উপস্থিত ছিলেন বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক শতদল মল্লিক, গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, এডমিন অফিসার অশোক মালাকার এবং গুডনেইবাস্ এর মেডিকেল অফিস অফিসার শুভ কুমার সহ গুডনেইবার্স এর কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে আইলহাঁস বাজারে এ কর্মি সভার আয়োজন করা হয়।
কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।
প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার ছেলুন বলেন,আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে তা কারো অজানা নেই। এই আইলহাঁস ইউনিয়েনর রাস্তাগুলো দেখেন। এক সময় এখানকার সব রাস্তায় কাঁচা ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর প্রতিটি রাস্তা পাকা হয়েছে।

ইউনিয়নের স্কুল গুলোতে বিল্ডিং হয়েছে। বিএনপি-জামায়াতের সময় সন্ত্রাস ছিল,আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর সন্ত্রাস দমন করা হয়েছে। মানুষ আজ সুখে শান্তিতে বসবাস করছে।
আপনারা যারা দলের কর্মি আছেন আপনারা সাধারণ মানুষের কাছে গিয়ে ভোট চান। ভোট চাওয়ার মত অনেক অর্জন রয়েছে আমাদের। আজকে ৭১এর পরাজিত শত্রুরা, যারা বঙ্গবন্ধুকে হত্যা করেছিল তারা আবারও ষড়যন্ত্র করছে।
তিনি বলেন,জিয়াউর রহমান বঙ্গবন্ধু হত্যার নৈপথ্যের কারিগর। সেই জিয়াউর রহমানের সৃষ্টি বিএনপি। জিয়াউর রহমান ক্ষমতা এসে বঙ্গবন্ধু হত্যার বিচার বন্ধ করে দেয়। আপনাদের বাবা-মাকে হত্যা করা হলে আপনারা যদি আদালতে গিয়ে বিচার না,পান তাহলে কেমন লাগবে? যেদিন বঙ্গবন্ধুকে ঘাতকরা হত্যা করে, সেদিন মানবাধিকার কোথায় ছিল। আজকে মানবাধিকারের কথা বলেন। বিএনপি মানবাধিকার দেখায় আমাদের। আমেরিকা মানবাধিকার দেখাও,পশ্চিমারা মানবাধিকার দেখাও আমাদের। যেদিন বঙ্গবন্ধুকে হত্যা করে আইন করে বিচার বন্ধ করেছিল। সেদিন মানবাধিকার কোথায় ছিল।
আমেরিকা আপনারা বড় দেশ, আপনাদের মত থাকেন, আমাদের উপর লাঠি ঘুরানোর চেষ্টা করেন না।
এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,তৃণমূলের নেতা কর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। ৭১ সালে আমরা তরুনরা যেভাবে যুদ্ধে ঝাপিয়ে পড়েছিলাম, আজকে ছাত্রলীগ যুবলীগকে প্রস্তুত থাকতে হবে। যে কোন ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।
আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি তোফাজ্জৈল হোসেনের সভাপতিত্বে কর্মি সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন,জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান,এ্যাডভোকেট সামসুজ্জোহা, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, শওকত মিয়া, জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু, আব্দুল কাদের, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,উপজেলা ভাইচ চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, সাবেক সাংগঠনিক সম্পাদক আলম হোসেন, মাসুদ রানা তুহিন। ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জাইদুল ইসলাম বাদলের উপস্থাপনায় আরোও উপস্থিত ছিলেন নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার,খাসকররা ইউপির সাবেক চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান রুন্নু, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, হায়াত, বিল্লাহ গনি, হেলা মিয়া, রশীদ, ছাত্রলীগ নেতা বাদসা,রকি প্রমুখ।

গাংনীতে পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘পাট শিল্পের অবদান, স্মার্ট বাংলাদেশ বিনির্মান’ এবং ‘ সোনালী আঁশে সোনার দেশ, পরিবেশ বান্ধব বাংলাদেশ’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে দিনব্যাপি পাট বীজ চাষী প্রশিক্ষণ-২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় এই পাট বীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

বুধবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের যৌথ আয়োজনে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে পাট চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা নিবার্হী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পাট বীজ চাষী প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন।

এসময় শুভেচ্ছা বক্তব্যে পাট অধিদপ্তরের মেহেরপুর জেলা কর্মকর্তা এ কে হারুন অর রশীদ পাট চাষ ও পাট চাষ সম্প্রসারণ নিয়ে আলোচনা করেন।

পরে গাংনী উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন ট্রেইনার হিসেবে পাট চাষ নিয়ে আলোচনা করেন। তিনি পাটের জাত নিবার্চন, জমি প্রস্তুত করণ, জৈব সার ও রাসায়নিক সারের প্রয়োজনীয়তা ও পরিমান এবং কার্যকারিতা, পাটের রোগ নির্ণয় ও প্রতিকার, ক্ষতিকর পোকা চিহ্নিতকরণ, বালাইনাশক বা কীটনাশক ব্যবহার নিয়ে ব্যাপক আলোচনা করেন।

প্রশিক্ষণে উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে ৪০ জন চাষী অংশগ্রহন করেন।

দামুড়হুদায় আইন-শৃঙ্খলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা আইন-শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বেলা সাড়ে ১২ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে নির্বাহী অফিসারের কার্যালয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার ওসি তদন্ত আমান, দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার জহির উদ্দিন বাবর, মুন্সিপুর কোম্পানী নায়েব সুবেদার মো: সাইফুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের প্রভাষক মেহেদী হাসান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মহিব্বুল্লাহ্, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান মামুনুর রশীদ, ইসলামিক ফাউণ্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোছা: মারিয়া মাহবুবা, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।